ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০১৫

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া- এ দু'টি মাধ্যমে দুর্নীতি বিষয়ে অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে সাংবাদিকদের কাছ থেকে প্রস্তাবনা আহ্বান করছে। এ বছরের ফেলোশিপের প্রস্তাবনা নিম্নোক্ত পাঁচটি বিষয়ের জন্য প্রযোজ্য হবে।

১) শিক্ষা
২) স্বাস্থ্য
৩) স্থানীয় সরকার
৪) ভূমি ও
৫) জলবায়ু অর্থায়নে সুশাসন

চূড়ান্তভাবে নির্বাচিত এক বা একাধিক ফেলোকে সম্মানী হিসেবে মোট ১,০০,০০০ (এক লাখ ) টাকা ও সনদ প্রদান করা হবে। ২০১৫ সালে নিম্নোক্ত দুইটি শ্রেণীতে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

- **জাতীয় প্রিন্ট মিডিয়া ফেলোশিপঃ** রাজধানী ঢাকা থেকে প্রকাশিত যে কোন বাংলা ও ইংরেজী দৈনিক সংবাদপত্রে কর্মরত সাংবাদিক
- **ইলেক্ট্রনিক মিডিয়া ফেলোশিপঃ** বিটিভি ও দেশীয় মালিকানাধীন বেসরকারি টিভি চ্যানেলসমূহ, রেডিও এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত সাংবাদিক

**প্রার্থীর যোগ্যতা**

- দৈনিক সংবাদপত্র, টেলিভিশন, রেডিও এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত সাংবাদিক
- সংবাদ মাধ্যমে কোন বিরতি ছাড়া ন্যূনতম ৩ বছরের পূর্ণকালীন কর্ম অভিজ্ঞতা
- অনুসন্ধানী সাংবাদিকতায় রিপোর্ট প্রণয়নের অভিজ্ঞতা
- বয়স সর্বোচ্চ ৪০ বছর

**আবেদনের নিয়মাবলী**

- দুই কপি পাসপোর্ট সাইজ ছবি ও সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে
- আবেদনপত্রের সঙ্গে সর্বোচ্চ ১,০০০ শব্দের মধ্যে একটি অনুসন্ধানী প্রতিবেদনের প্রস্তাবনা ও পরিকল্পনা জমা দিতে হবে
- এতে প্রতিবেদনের যৌক্তিকতা, লক্ষ্যসমূহ এবং পরিসীমা, পদ্ধতি, মাঠ-কর্মকাণ্ডের পরিকল্পনা এবং সময়সূচি, ফেলোশিপ কর্মসূচির প্রত্যাশিত ফল এবং সম্ভাব্য বাজেট বিষয়ের উল্লেখ থাকতে হবে
- আবেদনপত্রের সঙ্গে আবেদনকারী কর্তৃক প্রণীত ও প্রকাশিত/প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদন জমা দিতে হবে
- ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে আবেদন করা যাবে
- আবেদনপত্রের সাথে প্রার্থীর কর্মপ্রতিষ্ঠানের সম্পাদক/নির্বাহী প্রধান এর স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ ও ফেলোশিপে অংশগ্রহণের অনুমতিপত্র জমা দিতে হবে
- আবেদনপত্রের সাথে কাঙ্ক্ষিত তিনজন পরামর্শকের/মেনটরের নাম প্রস্তাব করতে হবে
- অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না

প্রতিটি ফেলোশিপের সময়কাল সর্বোচ্চ তিন মাস। প্রার্থীর দেয়া প্রস্তাবনা পত্র ও টিআইবি কর্তৃপক্ষের মূল্যায়নের ভিত্তিতে ফেলোশিপের প্রকৃত সময় নির্ধারণ করা হবে। টিআইবি ট্রাস্টিবোর্ড কর্তৃক মনোনীত জুরি বোর্ড প্রার্থী প্রদত্ত সকল তথ্য এবং প্রস্তাবনা ও পরিকল্পনা মূল্যায়ন এবং সাক্ষাৎকারের ভিত্তিতে ফেলো নির্বাচন করবেন।

**প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখঃ ২৮ মার্চ ২০১৫**

**সিনিয়র ম্যানেজার (এইচ আর), ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)**
**মাইডাস সেন্টার, বাড়ী - ০৫ সড়ক - ১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা - ১২০৯**
**ফোনঃ ৯১২৪৭৮৮, ৯১২৪৭৮৯, ৯১২৪৭৯২ ই-মেইলঃ fellow1501@ti-bangladesh.org**

দুর্নীতি থামান ...এখনই